রংপুরে জামায়াতের ইউপি চেয়ারম্যানকে কুপিয়ে হত্যা

চেম্বার ডেস্ক : রংপুরের মিঠাপুকুরে পায়রাবন্দ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জামায়াত নেতা মাহবুবুর রহমানকে কুপিয়ে হত্যা করা হয়েছে।

রোববার রাত ১০টায় পায়রাবন্দ বাজারের চেয়ারম্যানের বাড়ির সামনে তাকে ধারালো বঁটি দিয়ে গলায় আঘাত করা হয়। পরে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পর তিনি মৃত্যুবরণ করেন।

নিহত মাহবুবুর রহমান মিঠাপুকুর উপজেলার ৩নং পায়রাবন্দ ইউনিয়নের চেয়ারম্যান ছিলেন। তিনি রংপুর জেলা ছাত্র শিবিরের সাবেক সভাপতি ও বর্তমানে মিঠাপুকুর উপজেলা জামায়াতের সহকারী সেক্রেটারি হিসেবে দায়িত্বে ছিলেন।

প্রত্যক্ষদর্শী ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, পায়রাবন্দ ইউপি চেয়ারম্যান মাহবুবুর রহমান রাত ১০টার সময় পায়রাবন্দ বাজারের নিজ বাসভবনের সামনে হাঁটছিলেন। হঠাৎ দৌড়ে এসে স্থানীয় মাছ ব্যবসায়ী হারুন মিয়া ধারালো বঁটি দিয়ে চেয়ারম্যানের গলায় কোপ দেন। মুহূর্তেই মাটিতে লুটিয়ে পড়েন তিনি। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে গেলে তিনি সেখানেই মৃত্যুবরণ করেন।

মিঠাপুকুর থানার ওসি মোস্তাফিজার রহমান বলেন, এ ঘটনায় হারুন মিয়া নামে একজনকে আটক করা হয়েছে। তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।